

মোঃ মমতাজ উদ্দিন
২৩/১০/২০

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
www.mohpw.gov.bd



গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মমতাজ উদ্দিন এনডিসি, যুগ্মসচিব (প্রশাসন ব্রাঞ্চ) এবং চিফ ইনোভেশন অফিসার,
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ২৫ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ, সকাল ১১:০০ মি.
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নম্বর ২০৪, ভবন নম্বর ৫)

উপস্থিত সদস্যগণের উপস্থিতির তালিকা- পরিশিষ্ট “ক” দৃষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম নং ৫.১ অনুযায়ী এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের নিকট গত ২২ সেপ্টেম্বর ২০২০ তারিখের পত্রের মারফত আহ্বানকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণার বিপরীতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ যাচাই বাছাইপূর্বক তালিকা প্রস্তুত এবং বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ সূচাররূপে বাস্তবায়ণে করণীয় নির্ধারণের জন্য আজকের এই সভা আহ্বান করা হয়েছে। মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য-সচিব জনাব মিহির কান্তি সরকার এ বিষয়ে সভায় আলোকপাত করেন যে, গত ২২ সেপ্টেম্বর ২০২০ তারিখের পত্রের মারফত আহ্বানকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণার বিপরীতে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের নিকট থেকে বেশ কিছু উদ্ভাবনী উদ্যোগ/ধারণা পাওয়া গেছে। সভায় উপস্থিত কর্মকর্তাগণ প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন এবং মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ একে একে সভায় উপস্থাপন করেন। বিশদ বিশ্লেষণ ও বিস্তারিত আলোচনান্তে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম নং ৫.১ এর আওতায় নিম্নলিখিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ সর্বসম্মতিক্রমে তালিকাভুক্ত করে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণার তালিকা

ক্রমিক নং	উদ্ভাবনী উদ্যোগ/ধারণার নাম	প্রস্তাবকারী কর্মকর্তার নাম ও পদবী
০১.	ভূমিকম্পসহ বিভিন্ন জরুরী ও গুরুত্বপূর্ণ বিষয় ও স্থানসমূহ সহজে চেনার জন্য এ মন্ত্রণালয়ের ভবনে বিভিন্ন নির্দেশিকা সম্বলিত স্টিকার স্থাপন	বেগম নায়লা আহমেদ উপসচিব (প্রশাসন শাখা-৫)
০২.	গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাগণের জন্য পিআরএল “পিআরএল গ্রান্ট সিস্টেম” নামক একটি পেপারলেস অটোমেশন সিস্টেম তৈরি	মিহির কান্তি সরকার সিস্টেম এনালিস্ট
০৩.	অনলাইনে ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানের নিকট প্লট/ ফ্ল্যাট বন্ধক রাখার অনুমতি প্রদান	মিহির কান্তি সরকার সিস্টেম এনালিস্ট
০৪.	Hard File Tracking System	জনাব তারিক হাসান সিনিয়র সহকারী সচিব (গরিকল্পনা শাখা-১)

০২। সভাপতি সভায় আলোকপাত করেন যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর সকল কার্যক্রমসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে যথাযথভাবে সম্পাদন করার জন্য সকল উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে সভায় উপস্থিত সকল কর্মকর্তা একমত প্রকাশ করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-১	: উপরোক্ত উদ্ভাবনী উদ্যোগ/ধারণার তালিকাটি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত উদ্ভাবনী উদ্যোগসমূহ হতে এক বা একাধিক উদ্যোগ বাস্তবায়ণ করতে হবে।
সিদ্ধান্ত-২	: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর সকল কার্যক্রমসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে যথাযথভাবে সম্পাদন করার জন্য সকল উদ্যোগ গ্রহণ করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মমতাজ উদ্দিন এনডিসি
যুগ্মসচিব (প্রশাসন ব্রাঞ্চ)
ও চিফ ইনোভেশন অফিসার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

অ.পূ.দ.

স্মারক নং- ২৫.০০.০০০০.০৫৩.৮৮.০০১.২০-১২৩ (ক)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। বেগম নায়লা আহমেদ, উপসচিব (প্রশাসন শাখা-৫), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জনাব মোঃ মোতাহার হোসেন, উপসচিব (প্রশাসন শাখা-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, উপসচিব (প্রশাসন শাখা-৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। জনাব লুৎফুন নাহার, উপসচিব (প্রশাসন শাখা-১৭), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


০৫। জনাব মোঃ মাহবুবুর রহমান, উপসচিব (বাজেট শাখা-৪), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

✓ ০৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

০৮। যুগ্মসচিব (প্রশাসন ব্রাঞ্চ) ও চীফ ইনোভেশন অফিসার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯। অফিস কপি/মাস্টার ফাইল।



(মিহির কান্তি সরকার)

সিস্টেম এনালিস্ট

ও সদস্য-সচিব, ইনোভেশন টিম

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

ফোনঃ ০২-৯৫৪৫২১৪

ই-মেইলঃ mihircse@gmail.com